কুষ্টিয়ায় সাব-কন্ট্রাক্টিং তালিকাভুক্তি বিষয়ক অবহিতকরণ সভা

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কুষ্টিয়া জেলা কার্যালয়ের উদ্যোগে সাব-কন্ট্রাক্টিং তালিকাভুক্তি বিষয়ক এক অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কুষ্টিয়ার বিসিক জেলা কার্যালয়ের আয়োজনে কার্যালয়ের প্রশিক্ষণ কক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

সভায় পিপিআর ২০২৫ অনুযায়ী সাব-কন্ট্রাক্টিং সংক্রান্ত বিধিমালা অন্তর্ভুক্তি এবং ওয়ার্ক অর্ডার সার্ভিস (ওএসএস)-এর মাধ্যমে সাব-কন্ট্রাক্টিং তালিকাভুক্তির প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত ধারণা দেওয়া হয়।

সভায় স্থানীয় উদ্যোক্তাদের জন্য বড় সুযোগ উল্লেখ করে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক) কুষ্টিয়া জেলা কার্যালয়ের উপ মহাব্যবস্থাপক আশানুজ্জামান মুকুল বলেন, সরকারি ক্রয় প্রক্রিয়ায় দেশীয় ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের অংশগ্রহণ বাড়াতে এই উদ্যোগকে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে সরকার নতুন বিধিমালা চালু করেছে। এর ফলে স্থানীয় শিল্পপ্রতিষ্ঠানগুলো সরাসরি সরকারি চাহিদা পূরণের সুযোগ পাবে। নতুন বিধিমালা অনুযায়ী এখন থেকে ৫৯টি সরকারি দপ্তরে প্লাস্টিক, সিরামিক ও ধাতব পণ্য সরবরাহ করা যাবে বলেও জানান তিনি।

তিনি আরও বলেন, এই উদ্যোগ বাস্তবায়ন হলে দেশীয় উৎপাদন বাড়বে, কর্মসংস্থান সৃষ্টি হবে এবং ক্ষুদ্র শিল্প খাত আরও শক্তিশালী হবে। উদ্যোক্তাদের এখনই প্রস্তুত হয়ে এই সুযোগ কাজে লাগানোর আহ্বান জানান তিনি।

এতে কুষ্টিয়া চেম্বার অব কমার্সের প্রতিনিধি কাজী রফিকুর রহমান, নাসিব কুষ্টিয়ার প্রতিনিধি, বাংলাদেশ ইঞ্জিনিয়ারিং শিল্প মালিক সমিতি কুষ্টিয়া জেলা শাখার সভাপতি রফিকুল ইসলাম, সিনিয়র সহ-সভাপতি ইউনুস খান, সাধারণ সম্পাদক এসএম নুরুন্নবীসহ এবং সংশ্লিষ্ট উদ্যোক্তারা উপস্থিত ছিলেন।

বিসিক কুষ্টিয়ার উপ ব্যবস্থাপক সোহেল রানা, বিসিক শিল্পনগরী কর্মকর্তা সোহাগ আহমেদ, সম্প্রসারণ কর্মকর্তা শাপলা সুলতানা উপস্থিত ছিলেন।

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে দামুড়হুদায় অবহিতকরণ সভা

চুয়াডাঙ্গার দামুড়হুদায় ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৬ উপলক্ষে পোস্টাল ভোট বিডি অ্যাপ এবং গণভোট সম্পর্কিত অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। সোমবার (০৫ জানুয়ারি) সকাল সাড়ে ১১টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এ অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেলের সভাপতিত্বে অনুষ্ঠিত অবহিতকরণ সভায় প্রথমে উপজেলা নির্বাচন অফিসার এম. ফাহিম ফয়সাল ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে পোস্টাল ভোট বিডি অ্যাপ ও গণভোট সম্পর্কে মাল্টিমিডিয়া স্লাইড শোর মাধ্যমে ভোটদান বিষয়ক বিভিন্ন তথ্য উপস্থাপন করেন।

অবহিতকরণ সভায় উপজেলা নির্বাহী কর্মকর্তা উবায়দুর রহমান সাহেল উপস্থিত সুধীজনদের বিভিন্ন প্রশ্নের উত্তরে পোস্টাল ভোট ও ‘হ্যাঁ’–‘না’ ভোট নিয়ে বিশদভাবে আলোচনা করেন। তিনি জানান, পোস্টাল ভোট সাধারণ ভোটারদের জন্য নয়। পোস্টাল ভোট বিডি অ্যাপে রেজিস্ট্রেশন করে সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত ভোটের দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারী, প্রবাসী বাংলাদেশি ভোটারগণ এবং কারাগারে আটক ভোটারগণ পোস্টাল ভোট দিতে পারবেন। পোস্টাল ভোট প্রদানকারী কোনো ব্যক্তি যদি ভোটের দিন আবার কেন্দ্রে ভোট দিতে যান, তাহলে তিনি ধরা পড়বেন এবং আইনানুগ ব্যবস্থার আওতায় আসবেন।

এ সময় উপস্থিত ছিলেন সহকারী কমিশনার (ভূমি) শাহীন আলম, উপজেলা

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমান, কৃষি কর্মকর্তা শারমিন আক্তার, প্রাণিসম্পদ কর্মকর্তা লীলিমা আক্তার হ্যাপী, সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জেল হক, সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ শেখ মেসবাহ উদ্দিন, দর্শনা থানার অফিসার ইনচার্জ মেহেদী হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজোহা পলাশ, দামুড়হুদা বাজার বণিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক শাহজালাল বাবু, বিভিন্ন ইউনিয়নের ইউপি চেয়ারম্যানবৃন্দ, উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ।